মন্ত্রিপরিষদ বিভাগের ফেব্রুয়ারি ২০১৭ মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নাম: **মন্ত্রিপরিষদ বিভাগ**

প্রতিবেদনাধীন মাসের নাম: **ফেব্রুয়ারি ২০১৭** প্রতিবেদন প্রস্তুতের তারিখ: **১৬ মার্চ ২০১৭**

(১) প্রশাসনিক:

ক. ১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

সংস্থার স্তর	অনুমোদিত পদ	পূরণকৃত পদ	শূন্যপদ
মন্ত্রণালয়/বিভাগ: **মন্ত্রিপরিষদ বিভাগ**	২৪৯	১৯৮	৫১
অধিদপ্তর/সংস্থা/সংযুক্ত অফিস: **দুর্নীতি দমন কমিশন**	১,২৬৪	৯০৫	২২১
মোট	**১,৫১৩**	**১,১০৩**	**২৭২**

ক. ২ শূন্যপদের বিন্যাস

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	অতিরিক্ত সচিব/ তদূর্ধ্ব পদ	জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি, এসপি)	অন্যান্য ১ম শ্রেণির পদ	২য় শ্রেণির পদ	৩য় শ্রেণির পদ	৪র্থ শ্রেণির পদ	মোট
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	০৬	১৬	১২	১৭	৫১
দুর্নীতি দমন কমিশন	-	-	৪৩	৩৪	১৪১	০৩	২২১*

* সুপারনিউমারারি পদ ব্যতীত।

ক. ৩ অতীব গুরুত্বপূর্ণ (strategic) পদ শূন্য থাকলে তার তালিকা

ক্রমিক	মন্ত্রণালয়/বিভাগ	গুরুত্বপূর্ণ শূন্যপদের নাম	গুরুত্বপূর্ণ শূন্যপদের সংখ্যা	মোট গুরুত্বপূর্ণ শূন্যপদের সংখ্যা
১।	**মন্ত্রিপরিষদ বিভাগ**	-	-	-
২।	**দুর্নীতি দমন কমিশন**	-	-	-

ক. ৪ নিয়োগ/পদোন্নতি প্রদান

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি			নতুন নিয়োগ প্রদান			মন্তব্য
	কর্মকর্তা	কর্মচারী	মোট	কর্মকর্তা	কর্মচারী	মোট	
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-	-	-	-	-
দুর্নীতি দমন কমিশন	-	-	-	-	-	-	-

ক.৫ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

খ. ১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে)

	মন্ত্রী		প্রতিমন্ত্রী/উপমন্ত্রী		মন্ত্রিপরিষদ সচিব		মন্তব্য
	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	
ভ্রমণ/পরিদর্শন (দিন)	-	-	-	-	১। ০৯-১১ ফেব্রুয়ারি ২০১৭ মেয়াদে সরকারি সফরে সিলেট ও সুনামগঞ্জ জেলা পরিদর্শন করেন। ২। ২৪-২৫ ফেব্রুয়ারি ২০১৭ মেয়াদে সরকারি সফরে যশোর ও খুলনা জেলা পরিদর্শন করেন।	-	-
উন্নয়ন প্রকল্প পরিদর্শন (দিন)	-	-	-	-	-	-	
পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ (দিন)	-	-	-	-	-	-	

খ.২ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: প্রযোজ্য নয়।

(২) আইন-শৃঙ্খলা বিষয়ক (স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জন্য): প্রযোজ্য নয়।

(৩) অর্থনৈতিক (কেবল অর্থ বিভাগের জন্য): প্রযোজ্য নয়।

(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত:

ক. উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত প্রকল্পের নাম:

প্রকল্পের নাম	বর্তমান অর্থ-বছরে এডিপিতে বরাদ্দ (কোটি টাকায়)	প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ (কোটি টাকায়) ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার	প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা	প্রতিবেদনাধীন মাসে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার তারিখ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
জাতীয় শুদ্ধাচার কৌশল সহায়তা প্রকল্প	৫.৮৬	২.৮৪ (৪৮.৪৭ শতাংশ)	-	-	-
Building Capacity for the Use of Research Evidence (BCURE)	সর্বমোট ৮.১৩ ডিপিএ: ৮.০৯ জিওবি: ০.০৪	ব্যয়: ৬.৪১৯৭ টাকা (৭৮.৯৬ শতাংশ)	-	-	-
Social Security Policy Support (SSPS) Programme	ডিপিএ: ১৯.৭২ জিওবি: ০.৩৩	৮.৮৭ (৪৪.৯৮ শতাংশ)	-	-	-

খ. প্রকল্পের অবস্থা সংক্রান্ত :

প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসাবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো	আগামী দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা
-	-	-	-

(৫) উৎপাদন বিষয়ক (সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে পূরণ করতে হবে): প্রযোজ্য নয়।

(৬) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান: প্রযোজ্য নয়।

(৭) অডিট আপত্তি

ক. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য

মন্ত্রণালয়/সংস্থার নাম	অডিট আপত্তির সংখ্যা	টাকার পরিমাণ (লক্ষ টাকায়)	ব্রডশিটে জবাবের সংখ্যা	নিষ্পত্তির সংখ্যা	জের	মন্তব্য
মন্ত্রিপরিষদ বিভাগ	১১টি	০.৩৬৪	-	-	১১টি	২০১৩-১৫ (তিন) অর্থ-বছরের নিরীক্ষাকার্য আগস্ট ২০১৫ মাসে সম্পন্ন হয়। উক্ত নিরীক্ষাকার্যে নিরীক্ষকদল কর্তৃক চারটি অডিট আপত্তি উত্থাপন করা হয়। তন্মধ্যে একটি আপত্তির বিপরীতে ১৩,৩৮৬ টাকা সরকারি রাজস্ব ক্ষতি হিসাবে উল্লেখ করা হয়। অবশিষ্ট তিনটি অডিট আপত্তি আর্থিক অনিয়ম সংক্রান্ত। উক্ত আপত্তি চারটি নিষ্পত্তির লক্ষ্যে স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরে ৫ অক্টোবর ২০১৫ তারিখে ব্রডশিট জবাব প্রেরণ করা হয়, কিন্তু অদ্যাবধি জবাব পাওয়া যায়নি। এ ছাড়া, বর্তমানে মন্ত্রিপরিষদ বিভাগে সাতটি অডিট আপত্তি সংক্রান্ত একটি মামলা রয়েছে (মামলা নম্বর ৭/২০০০), যা ঢাকার চতুর্থ সহকারী জজ আদালতে বিচারাধীন আছে।
বিলুপ্ত বিভাগীয় উন্নয়ন বোর্ড ও বিলুপ্ত উপকূলীয় দ্বীপাঞ্চল	১৬টি	২৮১.৬৬	-	-	১৬টি	ত্রিপক্ষীয় অডিট কমিটির সভা অনুষ্ঠানের মাধ্যমে আপত্তিসমূহ নিষ্পত্তির কার্যক্রম চলমান রয়েছে।
দুর্নীতি দমন কমিশন	০৪টি	৭০০.০০	০৪	-	০৪টি	-
মোট	**৩১টি**	**৯৮৩.৫১৪**	**০৪**	**১**	**৩১টি**	-

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সে-সব কেইসের তালিকা: **নেই।**

(৮) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)

মন্ত্রণালয়/অধিদপ্তর/ সংস্থাসমূহে পুঞ্জিভূত মোট বিভাগীয় মামলা (প্রতিবেদনাধীন মাসের ১ তারিখে)	প্রতিবেদনাধীন মাসে শুরু হওয়া মামলার সংখ্যা	প্রতিবেদনাধীন মাসে মামলা নিষ্পত্তির সংখ্যা			অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা	বর্তমান অর্থ-বছরে মোট নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা
		চাকরিচ্যুতি/বরখাস্ত	অন্যান্য দন্ড	অব্যাহতি		
১	২	৩	৪	৫	৬	৭
*মন্ত্রিপরিষদ বিভাগ-০১	-	-	-	-	০১	-
দুর্নীতি দমন কমিশন-১৩	-	-	-	-	১১	১৩

*** প্রশাসনিক ট্রাইব্যুনাল/প্রশাসনিক আপিলেট ট্রাইব্যুনালে চলমান মামলার সকল নথি এ বিভাগের আইন-১ শাখায় স্থানান্তর করা হয়েছে।**

(৯) মানবসম্পদ উন্নয়ন

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি:

মন্ত্রণালয়/সংস্থা	ক্রমিক	প্রশিক্ষণ কর্মসূচির নাম	প্রশিক্ষণের মেয়াদ	উদ্যোগী সংস্থা/ এজেন্সির নাম	অংশগ্রহণকারীর সংখ্যা
১	২	৩	৪	৫	৬
মন্ত্রিপরিষদ বিভাগ	১।	High Impact Leadership/ Managerial Skill Development Program স্থান: ভারত	১৬ জানুয়ারি- ১০ ফেব্রুয়ারি ২০১৭	অর্থনৈতিক সম্পর্ক বিভাগ	**এক জন** সহকারী প্রধান
দুর্নীতি দমন কমিশন	১।	Investigating and Prosecuting Financial Crime	-	U.S Enbassy	আট জন
	২।	E-Governance for Sustainable Development	-	জাতীয় পরিকল্পনা উন্নয়ন একাডেমি	দুই জন
	৩।	Training of Trainers (TOT)	-	প্রধানমন্ত্রীর কার্যালয়	তিন জন
	৪।	ভূমি অধিগ্রহণে দুর্নীতি সংক্রান্ত প্রশিক্ষণ	-	বিয়াম ফাউন্ডেশন	৪৮ জন
	৫।	ভূমি অধিগ্রহণে দুর্নীতি সংক্রান্ত প্রশিক্ষণ	-	বিয়াম ফাউন্ডেশন	৪৬ জন
	৬।	বিসিএস প্রশাসন একাডেমির ১০০ ও ১০১তম আইন ও প্রমাসন কোর্সের প্রশিক্ষণ	-	দুর্নীতি দমন কমিশন	৭১ জন
	৭।	ভূমি অধিগ্রহণে দুর্নীতি সংক্রান্ত প্রশিক্ষণ	-	বিয়াম ফাউন্ডেশন	৪৮ জন

খ. মন্ত্রণালয়/অধিদপ্তরে কোন ইন্-হাউস প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা: ২৩-০২-২০১৭ তারিখ হতে অভ্যন্তরীণ প্রশিক্ষণ আরম্ভ হয়েছে।

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

ঘ. মন্ত্রণালয়ে অন্-দ্য-জব ট্রেনিং (OJT)-এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন্-দ্য-জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না: হ্যাঁ আছে; কোন অসুবিধা নেই।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা: একজন।

(১০) **উল্লেখযোগ্য কার্যাবলি/সমস্যা-সংকট:**

ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণীত হয়ে থাকলে তার তালিকা: নেই।

খ. প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি:

(১) মন্ত্রিসভার চারটি, মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত আন্তঃমন্ত্রণালয় সভা সাতটি, সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির একটি, অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির একটি এবং প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়।

(২) মন্ত্রিসভা-বৈঠকে ৪৫টি সিদ্ধান্ত গৃহীত হয় এবং এর মধ্যে ১৪টি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়। অবশিষ্ট ৩১টি সিদ্ধান্ত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে বাস্তবায়নাধীন রয়েছে।

(৩) ১৯৮৯ সালে অনুষ্ঠিত মন্ত্রিপরিষদ-বৈঠকের সারসংক্ষেপ (কার্যবিবরণীসহ) ১৪ খন্ড এবং বিজ্ঞপ্তি ২ খন্ডসহ মোট ১৬ খন্ড দলিলের মূলকপি পুনঃবাঁধাইয়ের জন্য ১৪ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে বিজি প্রেসে প্রেরণ করা হয়।

(৪) ২৬ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে বিভাগীয় কমিশনারগণের মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ৩৬টি সিদ্ধান্ত গৃহীত হয়।

(৫) বিদেশি মান্যবর রাষ্ট্রদূত/হাই কমিশনার কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে সচিবগণের যোগদানের অনুমতি সংক্রান্ত তিনটি পত্র জারি করা হয়।

(৬) আগরতলা ষড়যন্ত্র মামলার অন্যতম আসামি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঘনিষ্ঠ সহযোগী, আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটির সাবেক সদস্য এবং বীর মুক্তিযোদ্ধা জনাব মাহফুজুল বারী ২৪ জানুয়ারি ২০১৭ তারিখে মৃত্যুবরণ করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৮ বছর। বীর মুক্তিযোদ্ধা জনাব মাহফুজুল বারীর মৃত্যুতে গভীর শোক প্রকাশ ও তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করে মন্ত্রিসভার ৩০ জানুয়ারি ২০১৭ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়। এ সংক্রান্ত ২ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে প্রজ্ঞাপন বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(৭) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১১৮(১) অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে মহামান্য রাষ্ট্রপতি ৬ ফেব্রুয়ারি ২০১৭ সোমবার জনাব কে. এম. নূরুল হুদাকে প্রধান নির্বাচন কমিশনার পদে নিয়োগ করেছেন। এ সংক্রান্ত ৬ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে প্রজ্ঞাপন বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(৮) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১১৮(১) অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে মহামান্য রাষ্ট্রপতি ৬ ফেব্রুয়ারি ২০১৭ সোমবার জনাব মাহবুব তালুকদার, জনাব মোঃ রফিকুল ইসলাম, বেগম কবিতা খানম এবং ব্রিগে: জেনা: (অব:) শাহাদাত হোসেন চৌধুরীকে নির্বাচন কমিশনার পদে নিয়োগ করে এ সংক্রান্ত ৬ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে প্রজ্ঞাপন বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(৯) বাংলাদেশ আওয়ামী লীগের উপদেষ্টা পরিষদের সদস্য; প্রবীণ, দক্ষ ও অভিজ্ঞ পার্লামেন্টারিয়ান; দশম জাতীয় সংসদের সদস্য এবং আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি; সাবেক মন্ত্রী; বর্ষীয়ান রাজনীতিবিদ ও বীর মুক্তিযোদ্ধা জনাব সুরঞ্জিত সেনগুপ্ত ৫ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭১ বছর। জনাব সুরঞ্জিত সেনগুপ্তের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ ও তাঁর বিদেহী আত্মার শান্তি কামনা করে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানিয়ে মন্ত্রিসভার ৬ ফেব্রুয়ারি ২০১৭ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়। এ সংক্রান্ত ৮ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে প্রজ্ঞাপন বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(১০) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঘনিষ্ঠ সহযোগী, মহান মুক্তিযুদ্ধের নেতৃস্থানীয় সংগঠক, মুক্তিযুদ্ধকালীন অস্থায়ী সরকারের স্বরাষ্ট্র, ত্রাণ ও পুনর্বাসন, কৃষি ও খাদ্য মন্ত্রণালয়ের মন্ত্রী এবং জাতীয় চার নেতার অন্যতম শহীদ এ, এইচ, এম, কামারুজ্জামানের সহধর্মিণী ও বিশিষ্ট সমাজকর্মী বেগম জাহানারা জামান গত ৬ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহি ... রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮১ বছর। বেগম জাহানারা জামানের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ ও তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করে মন্ত্রিসভার ৬ ফেব্রুয়ারি ২০১৭ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়। এ সংক্রান্ত ৮ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে প্রজ্ঞাপন বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয় ।

(১১) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ‘Munich Security Conference (MSC) 2017’-এ অংশগ্রহণের লক্ষ্যে ১৬ ফেব্রুয়ারি ২০১৭ তারিখ বৃহস্পতিবার ২১৪৫ ঘটিকায় ইতিহাদ এয়ারওয়েজের EY-253 ফ্লাইটযোগে

সরকারি সফরে জার্মানির উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করেন। মাননীয় প্রধানমন্ত্রীর প্রস্থানকালে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে রাষ্ট্রাচারের দায়িত্ব পালন করা হয়।

(১২) বাংলাদেশের বহুল আকাঙ্ক্ষিত পদ্মা সেতু প্রকল্পে কানাডার পরামর্শক প্রতিষ্ঠান এসএনসি-লাভালিন-কে ঘুষ-দুর্নীতির মাধ্যমে কাজ পাইয়ে দেওয়ার অভিযোগে কানাডার আদালতে দায়েরকৃত মামলা ১০ জানুয়ারি ২০১৭ তারিখে খারিজ হয়ে যায়। আদালত উক্ত অভিযোগকে অন্তঃসারশূন্য, কল্পনাপ্রসূত এবং গালগল্পভিত্তিক হিসাবে আখ্যায়িত করে। বিশ্বব্যাংক পদ্মা সেতু প্রকল্পে দুর্নীতির ষড়যন্ত্রের অভিযোগ উত্থাপন করে বাংলাদেশকে হেয় প্রতিপন্ন করার যে ভিত্তিহীন অপপ্রয়াস গ্রহণ করেছিল, এই রায়ের ফলে তা অমূলক পর্যবসিত হল। বিশ্বের দরবারে বাংলাদেশের মর্যাদাপূর্ণ অবস্থান অধিকতর সুসংহত হল। পদ্মা সেতু প্রকল্পের সফল বাস্তবায়ন এবং বৈশ্বিক পরিমণ্ডলে বাংলাদেশের ভাবমূর্তি উত্তরোত্তর বৃদ্ধি করায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে উষ্ণ অভিনন্দন ও আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপনপূর্বক তাঁর সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে মন্ত্রিসভার ১৩ ফেব্রুয়ারি ২০১৭ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গৃহীত হয়েছে। এ সংক্রান্ত ১৫ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে প্রজ্ঞাপন বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা রাষ্ট্র ও জনগণের মর্যাদা সমুন্নত রেখে কোনরূপ বিদেশি অর্থায়ন ব্যতিরেকে নিজস্ব অর্থায়নে পদ্মা সেতু নির্মাণের যে সময়ানুগ উদ্যোগ দৃঢ়তার সঙ্গে গ্রহণ করেছিলেন তা যথার্থ প্রমাণিত হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর বলিষ্ঠ ও দূরদর্শী নেতৃত্বের ফলে আন্তর্জাতিক পরিমণ্ডলে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর হয়েছে এবং বাংলাদেশের মর্যাদা সমুন্নত রয়েছে।

(১৩) ২৩টি পত্র পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করা হয়।

(১৪) পররাষ্ট্র মন্ত্রণালয়ের চাহিদা অনুযায়ী ৬ নভেম্বর গাইবান্ধা জেলার গোবিন্দগঞ্জ রংপুর চিনিকল এলাকায় সংঘটিত ঘটনা সংশিষ্ট তথ্য প্রেরণের জন্য ১ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে জেলা প্রশাসক, গাইবান্ধা বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৫) টাঙ্গাইল জেলার ভুঞাপুর থানার প্রাক্তন ভারপ্রাপ্ত কর্মকর্তা জনাব মোঃ ফজলুল কবীরের সাম্প্রতিক কার্মকান্ড সংক্রান্ত প্রতিবেদনের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ১ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৬) সন্ত্রাসী হামলায় বরিশাল মহানগরীর শহীদ আবদুর রব সেরনিয়াবাত সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের দশম শ্রেণির ছাত্র হৃদয় গাজী নিহত হওয়া সংক্রান্ত বিষয়ে ১ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৭) সিরাজগঞ্জ জেলার চাঞ্চল্যকর ও লোমহর্ষক ঘটনার প্রতিবেদনের বিষয়ে ৮ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৮) মালয়েশিয়ার কয়েকটি বেসরকারি সাহায্য সংস্থার উদ্যোগে প্রেরিত মানবিক সহায়তা বহনকারী জাহাজ 'ফুড ফ্লোটিলা'র বাংলাদেশে আগমন/অবস্থান এবং ত্রাণ-সামগ্রী হস্তান্তর/বিতরণের সময় প্রয়োজনীয় নিরাপত্তা ও সার্বিক সহায়তা প্রদান সংক্রান্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ১২ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে জেলা প্রশাসক, চট্টগ্রাম ও কক্সবাজার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৯) গাইবান্ধা জেলার ৬ নভেম্বর ২০১৫ তারিখে গোবিন্দগঞ্জের রংপুর সুগার মিলের সাহেবগঞ্জ বাণিজ্যিক খামার এলাকায় সংঘটিত ঘটনার পরবর্তী গৃহীত ব্যবস্থা সংক্রান্ত প্রতিবেদনের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ১৩ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২০) বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, চট্টগ্রাম কর্তৃক বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, চট্টগ্রাম জনাব মোঃ মমিনুর রশিদ-এর আদালত পরিদর্শন প্রতিবেদনের বিষয়ে তদন্তপূর্বক দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ১৪ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২১) ফরিদপুর জেলায় ঢাকাগামী হানিফ পরিবহনের একটি বাস ও খুলনাগামী একটি কাভার্ড ভ্যানের মুখোমুখি সংঘর্ষের ঘটনা সংক্রান্ত প্রতিবেদনের বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য ১৪ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২২) ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধের সময় পাকিস্তান দখলদার সেনাবাহিনী এবং তাদের সহযোগী বাহিনী কর্তৃক যুদ্ধাপরাধ, গণহত্যা, হত্যা, ধর্ষণ, ধর্মান্তরিতকরণ, লুণ্ঠন, অগ্নিসংযোগ ও অন্যান্য মানবতাবিরোধী অপরাধের তদন্ত কাজে সহায়তার জন্য তথ্য-উপাত্ত প্রেরণ সংক্রান্ত প্রতিবেদনের বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য ১৪ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে জেলা প্রশাসক, ফেনী, চাঁদপুর, চট্টগ্রাম, কক্সবাজার, বান্দরবান, বগুড়া, নাটোর, নওগাঁ, যশোর, কুষ্টিয়া, ঝিনাইদহ, ঝালকাঠি, পিরোজপুর, বরিশাল, ভোলা, হবিগঞ্জ, নরসিংদী, শেরপুর, ময়মনসিংহ, কিশোরগঞ্জ, জামালপুর, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, গোপালগঞ্জ, ফরিদপুর, দিনাজপুর, লালমনিরহাট,গাইবান্ধা, কুড়িগ্রাম বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৩) বিভাগীয় কমিশনারগণের সঙ্গে আইন-শৃঙ্খলা এবং জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত সভার সিদ্ধান্তের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ১৪ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে সকল বিভাগীয় কমিশনার এবং জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৪) জানুয়ারি ২০১৭ মাসের প্রতিবেদন অনুযায়ী অনূর্ধ্ব ১৬ বছর বয়সী কারাগারে আটক শিশু-কিশোরদের মুক্তিদানের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ১৬ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে জেলা ম্যাজিস্ট্রেট, সিরাজগঞ্জ এবং চট্টগ্রাম বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৫) জানুয়ারি ২০১৭ মাসের বিভাগীয় কমিশনার সমন্বয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অনুযায়ী ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮-এর আওতায় ২০১১-১৫ সনের অনিষ্পন্ন মামলা নিষ্পত্তির যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ১৬ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে সংশ্লিষ্ট ৩৪জন জেলা ম্যাজিস্ট্রেট বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৬) জানুয়ারি ২০১৭ মাসের বিভাগীয় কমিশনার সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আদালতে মামলা নিষ্পত্তির প্রমাপ অর্জিত না হওয়ার বিষয়ে কারণ ব্যাখ্যার জন্য ১৬ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে জেলা ম্যাজিস্ট্রেট, চট্টগ্রাম এবং অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ফরিদপুর, বাগেরহাট, দিনাজপুর বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৭) জানুয়ারি ২০১৭ মাসের বিভাগীয় কমিশনার সমন্বয় সভার সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ১৬ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে সকল বিভাগীয় কমিশনার ও সকল জেলা ম্যাজিস্ট্রেট বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৮) চাঁপাইনবাবগঞ্জ জেলার স্পর্শকাতর, চাঞ্চল্যকর ঘটনা সংক্রান্ত প্রতিবেদনের বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য ২০ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৯) সিরাজগঞ্জ জেলায় সংঘটিত মারাত্মক সড়ক দুর্ঘটনা সংক্রান্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ২০ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩০) মালয়েশিয়ার কারাগারে আটক বাংলাদেশি নাগরিকদের দেশে ফেরত আনা সংক্রান্ত বিষয়ে তাদের পরিবার কর্তৃক বিমান টিকেট প্রেরণের বিষয়ে তাদের পরিবারকে অবহিত করার জন্য ২২ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে জেলা প্রশাসক, ঢাকা, টাঙ্গাইল ও কক্সবাজার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩১) হবিগঞ্জ জেলার মাধবপুর উপজেলা সদরে জনৈক রজত রায় কর্তৃক ফেইসবুকে আপত্তিকর ছবি আপলোড করায় সৃষ্ট আইন-শৃঙ্খলা পরিস্থিতি সংক্রান্ত প্রতিবেদনের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ২২ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩২) ‘টেকনাফে ঘরে ঘরে ইয়াবা ব্যবসা’ শিরোনামে প্রকাশিত ‘বাংলাদেশ প্রতিদিন’ প্রত্রিকায় প্রকাশিত প্রতিবেদনের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ২৬ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে সচিব, সুরক্ষা ও সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং জেলা প্রশাসক, কক্সবাজার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩৩) টংগীস্থ বিসিক শিল্প নগরীর ট্যাম্পাকো ফয়েলস কারখানায় বয়লায়/গ্যাস বিস্ফোরণে সংঘটিত দুর্ঘটনা প্রতিরোধে কার্যকর ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে গঠিত আন্ত:মন্ত্রণালয় কমিটির সুপারিশমালা বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদনের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ২৭ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে সচিব, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বিদ্যুৎ বিভাগ, বস্ত্র ও পাট মন্ত্রণালয় এবং সুরক্ষা ও সেবা বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩৪) মাগুরা-যশোর জাতীয় মহাসড়কের (এন-৭০২) ২২তম কিলোমিটারে সীমাখালী সেতু বিধ্বস্ত হওয়া সংক্রান্ত প্রতিবেদনের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ২৭ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩৫) জানুয়ারি ২০১৭ মাসে গ্রাম আদালতসমূহে মামলা নিষ্পত্তি না হওয়ার বিষয়ে কারণ ব্যাখ্যার জন্য ২৯ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে জেলা প্রশাসক, বরগুনা, বরিশাল, ঝালকাঠি, পটুয়াখালী, পিরোজপুর, ব্রাহ্মণবাড়িয়া, রাঙ্গামাটি, ঢাকা, গাজীপুর, গোপালগঞ্জ, কিশোরগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিংদী, রাজবাড়ী, শরীয়তপুর, চুয়াড়াঙ্গা, যশোর, ঝিনাইদহ, খুলনা, মাগুরা, মেহেরপুর, সাতক্ষীরা, বগুড়া, জয়পুরহাট, নওগাঁ, নাটোর, পাবনা, রাজশাহী, গাইবান্ধা, রংপুর, ঠাকুরগাঁও, সুনামগঞ্জ, জামালপুর, ময়মনসিংহ, নেত্রকোণা এবং শেরপুর বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩৬) জানুয়ারি ২০১৭ মাসে গ্রাম আদালতসমূহে সর্বোচ্চ সংখ্যক মামলা নিষ্পত্তি হওয়ায় ধন্যবাদ জানিয়ে ২৬ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে জেলা প্রশাসক, চট্টগ্রাম বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩৭) চট্টগ্রাম বিভাগের স্পর্শকাতর/চালঞ্চ্যকর/গুরুতর ঘটনা সংশ্লিষ্ট প্রতিবেদনের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ২৮ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩৮) মাদারীপুর জেলার স্পর্শকাতর/চাঞ্চল্যকর ঘটনার প্রতিবেদনের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ২৮ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয় এবং সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩৯) দুর্নীতি দমন কমিশন হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে বিভিন্ন মামলায় এফআরটি ১১ জন, চার্জশিট ২৩ জন এবং নথিভুক্তির জন্য ৬৩জন সরকারি কর্মকর্তা/কর্মচারীর বিষয়ে অবগত করে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয় এবং ১ জন উপপরিচালককে দুর্নীতি দমন কমিশনের সংযুক্তিকরণের নিমিত্ত মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হয়।

(৪০) বিভিন্ন আইনে ১৪জন কর্মকর্তাকে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট-এর ক্ষমতা এবং মোবাইল কোর্ট পরিচালনার ক্ষমতা/ডেপুটি কমিশনারের ক্ষমতা অর্পণ করা হয়।

(৪১) বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকগণ জানুয়ারি ২০১৬ মাসে প্রমাপ অনুযায়ী ভ্রমণ, রাত্রিযাপন, পরিদর্শন, দর্শন করেছেন। এ জন্য প্রমাপ অর্জন এবং পরিদর্শন ও রাত্রিযাপন প্রতিবেদন প্রেরণের এ ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। জেলা প্রশাসকগণের পরিদর্শনের বিষয়টি মন্ত্রিপরিষদ বিভাগের KPI (Key Performance Indicators)-ভুক্ত এবং এ মাসে KPI-এর লক্ষ্যমাত্রা অর্জিত হয়।

(৪২) প্রাক্তন মহকুমা প্রশাসকগণের নামের তালিকা ও কর্মকাল সংক্রান্ত তথ্য সংরক্ষণের লক্ষ্যে মহকুমা প্রশাসকগণের নামের তালিকা ও কর্মকাল সংক্রান্ত তথ্য ছক মোতাবেক হার্ড কপি ও সফট কপি মন্ত্রিপরিষদ বিভাগে জরুরি ভিত্তিতে প্রেরণের জন্য জেলা প্রশাসকগণকে অনুরোধ করা হয়।

(৪৩) দশম জাতীয় সংসদের ২৯ গাইবান্ধা-১ নির্বাচনি এলাকার শূন্য ঘোষিত আসনের নির্বাচন সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে নির্বাচনে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীগণকে নির্বাচন সংক্রান্ত আইন ও বিধি মোতাবেক দায়িত্ব পালন নিশ্চিত করতে সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/ বিভাগ/প্রতিষ্ঠান/সংস্থাকে নির্দেশনা প্রদানের জন্য নির্বাচন কমিশনকে সহযোগিতা প্রদান এবং নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১ (১৯৯১ সনের ১৩ নম্বর আইন) অনুসরণ সংক্রান্ত দু'টি পরিপত্র জারি করা হয়।

(৪৪) চট্টগ্রাম বিভাগসহ সকল অতিরিক্ত বিভাগীয় কমিশনারের জন্য ব্যবহৃত দীর্ঘদিনের পুরনো গাড়ির পরিবর্তে নতুন এসি পাজেরো স্পোর্টস জিপ গাড়ি বরাদ্দ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়।

(৪৫) থাইল্যান্ডের উচ্চ পর্যায়ের বৌদ্ধ ধর্মীয় নেতা শ্রী প্রাথেপ পারিয়াতমুনির নেতৃত্বে একটি প্রতিনিধিদল গত ২২-২৫ ফেব্রুয়ারি ২০১৭ মেয়াদে বাংলাদেশের ঢাকা, চট্টগ্রাম ও বান্দরবান পার্বত্য জেলার বৌদ্ধ ধর্মীয় মন্দির ও স্থাপনাসমূহ সফরকালে উক্ত প্রতিনিধিদলের নিরাপত্তা নিশ্চিতকরণ এবং যথাযথ রাষ্ট্রাচার অনুসরণ প্রদানের জন্য জেলা প্রশাসক, চট্টগ্রাম এবং বান্দরবান পার্বত্য জেলাকে অনুরোধ করা হয়।

(৪৬) জনাব মোঃ আবদুল হালিম, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), গভর্নেন্স ইনোভেশন ইউনিট, প্রধানমন্ত্রীর কার্যালয় ৩১ ডিসেম্বর ২০১৬ তারিখ খাগড়াছড়ি পার্বত্য জেলা; জনাব মোঃ সাইদুর রহমান, যুগ্মসচিব, মন্ত্রিপরিষদ বিভাগ ২৫-২৬ আগস্ট ২০১৬ তারিখে মৌলভীবাজার জেলা এবং জনাব মোঃ আশরাফ হোসেন, যুগ্মসচিব, মন্ত্রিপরিষদ বিভাগ ২০ অক্টোবর ২০১৬ তারিখে ঝালকাঠি জেলার নলছিটি উপজেলা পরিদর্শন করে একটি করে প্রতিবেদন দাখিল করেন; পরিদর্শন প্রতিবেদনে উল্লিখিত মন্তব্য/সুপারিশের ওপর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে পত্র প্রেরণ করা হয়।

(৪৭) বিবেচ্য মাসে মাঠপ্রশাসনে কর্মরত বিসিএস (প্রশাসন) ক্যাডারের ৯জন কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগ পাওয়া গেছে। পূর্বে প্রাপ্ত অভিযোগসমূহের মধ্যে ৭জন কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত না হওয়ায় নথিজাত এবং একজন কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিভাগীয় মামলা রুজুর জন্য মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি জনপ্রশাসন মন্ত্রণালয়কে জানিয়ে দেওয়া হয়।

(৪৮) জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনারগণ কর্তৃক বিভিন্ন উপজেলা ভূমি অফিস, ইউনিয়ন ও পৌর ভূমি অফিস, জেলা প্রশাসকের কার্যালয়ের রাজস্ব শাখা, এল.এ শাখা, জেনারেল সার্টিফিকেট শাখা ইত্যাদি পরিদর্শনকালে প্রদত্ত নির্দেশনা বাস্তবায়ন সম্পর্কিত প্রতিবেদন প্রেরণের জন্য ৬টি জেলার জেলা প্রশাসক বরাবর মোট ১২টি পত্র প্রেরণ করা হয়।

(৪৯) বিভাগীয় কমিশনার এবং মেট্রোপলিটন পুলিশ কমিশনারগণের নিকট থেকে প্রাপ্ত ডিসেম্বর দ্বিতীয় ও জানুয়ারি প্রথম পক্ষের পাক্ষিক গোপনীয় প্রতিবেদনের ভিত্তিতে প্রস্তুতকৃত দু'টি সারসংক্ষেপ মাননীয় প্রধানমন্ত্রী সমীপে উপস্থাপন করা হয়। পাক্ষিক গোপনীয় প্রতিবেদনে উপস্থাপিত এবং মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদিত প্রস্তাব বাস্তবায়নের জন্য বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগ এবং সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৫০) উন্নয়ন কর্তৃপক্ষের আওতা-বহির্ভূত এলাকায় সুউচ্চ ভবন নির্মাণের নক্‌শা অনুমোদন এবং গুণগত মান নিশ্চিতকরণ সংক্রান্ত কমিটির কর্তৃত্ব নির্ধারণের বিষয়ে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং স্থানীয় সরকার বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৫১) মাননীয় প্রধানমন্ত্রীর গাজীপুর সফর উপলক্ষে সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার, ঢাকা ও জেলা প্রশাসক, গাজীপুর বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৫২) মহামান্য রাষ্ট্রপতির রাজশাহী ও গাজীপুর সফর উপলক্ষে সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৫৩) বঙ্গমাতা T20 জাতীয় স্কুল ক্রিকেট টুর্নামেন্ট আয়োজনে সহযোগিতার বিষয়ে সকল জেলা প্রশাসক-কে পত্র প্রেরণ করা হয়।

(৫৪) পিরোজপুর জেলায় মুক্ত/প্রাকৃতিক জলাশয়গুলিতে হাঁস পালনের মাধ্যমে আত্ম-কর্মসংস্থান সৃষ্টি, দারিদ্র হ্রাসকরণ ও পুষ্টির চাহিদা পূরণের লক্ষ্যে প্রকল্প গ্রহণের বিষয়ে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৫৫) সিলেট জেলার কোম্পানীগঞ্জ উপজেলার মইটা টিল্লায় বিধি-বহির্ভূতভাবে পাথর উত্তোলনকালে শ্রমিক হতাহতের বিষয়ে জেলা প্রশাসক, সিলেট বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৫৬) সরকারের খাদ্যবান্ধব কর্মসূচির সুষ্ঠু বাস্তবায়নের নিমিত্ত কতিপয় সুপারিশ সংবলিত একটি পত্র খাদ্য মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়।

(৫৭) ‘হাওর এলাকায় বন্যা ব্যবস্থাপনা ও জীবনযাত্রার মান উন্নয়ন’ শীর্ষক প্রকল্পের সার্বিক বাস্তবায়ন ও পরামর্শকগণের কাজের অগ্রগতি পর্যালোচনা এবং নীতিনির্ধারণী সমস্যা নিরসনের লক্ষ্যে গঠিত আন্তঃমন্ত্রণালয় স্টিয়ারিং কমিটি এবং সিরাজগঞ্জ ও টাঙ্গাইলে শহীদ এম মনসুর আলী মেডিকেল কলেজ ও ৫০০-শয্যাবিশিষ্ট মেডিকেল কলেজ হাসপাতাল স্থাপনের দরপত্র ও প্রস্তাব মূল্যায়ন কমিটিতে মাঠ প্রশাসনের কর্মকর্তাদের অন্তর্ভুক্তিতে সম্মতি প্রদান করা হয়।

(৫৮) রাজশাহী জেলায় 'বিশেষ অর্থনৈতিক অঞ্চল' স্থাপনের বিষয়ে নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৫৯) আসন্ন কৃষিসেচ মৌসুমে জ্বালানি তেলের নিরবচ্ছিন্ন সরবরাহের বিষয়ে সকল জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৬০) ২০১৭-এর এস.এস.সি ও সমমানের পরীক্ষা প্রশ্নপত্র যাচাইপূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য ঢাকা ও ময়মনসিংহ বিভাগের সকল জেলা প্রশাসক-কে পত্র দেওয়া হয়।

(৬১) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৯৮-তম জন্মদিবস ও জাতীয় শিশু দিবস, মহান স্বাধীনতা ও জাতীয় দিবস, জাটকা সংরক্ষণ সপ্তাহ এবং প্রাণিসম্পদ সেবা সপ্তাহ ২০১৭ উদ্‌যাপনের বিষয়ে সকল জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়;

(৬২) চট্টগ্রাম মহানগর এলাকাধীন নাসিরাবাদ হাউজিং সোসাইটি ও খুলশী আবাসিক এলাকার গেজেটভুক্ত ৪৩টি পরিত্যাক্ত বাড়ি বেহাত হওয়া থেকে রক্ষার বিষয়ে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৬৩) হবিগঞ্জ জেলার নবীগঞ্জ উপজেলার ইমাম-বাওয়ানী চা-বাগানের শ্রমিকদের মজুরি পরিশোধ না করায় বিরাজমান শ্রমিক অসন্তোষের বিষয়ে বাণিজ্য এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৬৪) ‘আন্তর্জাতিক নারী দিবস’ উদ্‌যাপন উপলক্ষে সকল জেলা প্রশাসক বরাবর আধা-সরকারি পত্র প্রেরণ করা হয়।

(৬৫) সমন্বয় অনুবিভাগের সম্প্রসারণ প্রস্তাবের জন্য নতুন অর্গানোগ্রাম এবং কর্মবণ্টন সংশোধন পূর্বক পুণরায় প্রস্তুত করা হয়।

(৬৬) International Conference on CRVS 2017-এ অংশগ্রহণের জন্য Bloomberg Philanthropies-এর প্রতিষ্ঠাতা Mr. Michael Bloomberg-কে আমন্ত্রণ জানানো হয়।

(৬৭) ২৮ ফেব্রুয়ারি তারিখে ‘Technical Support for CRVS System Improvement in Bangladesh-2nd Phase’ প্রস্তাবিত শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্প সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়।

(৬৮) ২৭ ফেব্রুয়ারি তারিখে জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল বাস্তবায়নের নিমিত্ত কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটির অধীনে গঠিত মন্ত্রণালয়/বিভাগভিত্তিক কর্ম-পরিকল্পনা প্রণয়ন সংক্রান্ত কমিটির কর্মশালা অনুষ্ঠিত হয়।

(৬৯) ১৯ ফেব্রুয়ারি তারিখে ‘National Validation Workshop on CRVS Enterprise Architecture’ শীর্ষক কর্মশালা আয়োজন করা হয়।

(৭০) ‘Building Capacity for the use of Research Evidence (BCURE)’ শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের PIC তৃতীয় সভার আয়োজন করা হয়।

(৭১) দ্বিতীয় পর্যায়ে BCURE প্রকল্পের দ্বিতীয় ও তৃতীয় ব্যাচের প্রশিক্ষণ সমাপ্ত করা হয়।

(৭২) নতুন সৃষ্ট চারটি বিভাগের ওয়েবসাইটে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক অনুমোদিত ফরম্যাট অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) প্রণয়ন করার জন্য নতুন ৪টি বিভাগকে অনুরোধ করা হয়।

(৭৩) 'সোস্যাল সিকিউরিটি পলিসি সাপোর্ট (এসএসপিএস) প্রোগ্রাম' শীর্ষক প্রকল্পের দ্বিতীয় কিস্তির অর্থ অবমুক্তিকরণ সংক্রান্ত পত্রটি প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তাকে অনুরোধ করা হয়।

(৭৪) ১৪ ফেব্রুয়ারি তারিখে জেলা সদরে কোর ভবনাদি নির্মাণ সংক্রান্ত টাস্কফোর্স কমিটির ১৮২তম সভা অনুষ্ঠিত হয়।

(৭৫) ২ ফেব্রুয়ারি তারিখে সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি বাস্তবায়ন সংক্রান্ত জাতীয় কমিটির সভা অনুষ্ঠিত হয়।

(৭৬) ৬-৭ ফেব্রুয়ারি মেয়াদে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের, ১৯-২০ ফেব্রুয়ারি মেয়াদে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ২০১৭-১৮ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন সংক্রান্ত ল্যাব অনুষ্ঠিত হয়।

(৭৭) ২৫ ফেব্রুয়ারি তারিখে খুলনা বিভাগে সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

গ. আগামী দুই (মার্চ-এপ্রিল) মাসে সম্পাদ্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

(১) মন্ত্রিসভা-বৈঠক অনুষ্ঠান।

(২) মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন-অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠান।

(৩) সরকারি ক্রয়সংক্রান্ত এবং অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠক অনুষ্ঠান।

(৪) প্রশাসনিক উন্নয়নসংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।

(৫) জাতীয় পুরস্কারসংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভা অনুষ্ঠান।

(৬) আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।

(৭) সমরপুস্তক হালনাগাদকরণ সংক্রান্ত কার্যাবলি।

(৮) জানুয়ারি ২০১৫ থেকে ডিসেম্বর ২০১৫ মাস পর্যন্ত সময়ে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের বিজ্ঞপ্তি, কার্যবিবরণী ও সারসংক্ষেপসমূহ বই আকারে বাঁধাই সংক্রান্ত কার্যাবলি সম্পাদন করা।

(৯) 'Preparatory Phase of Civil Registration and Vital Statistics in Bangladesh' শীর্ষক প্রস্তাবিত প্রকল্পের অনুমোদন প্রক্রিয়া সম্পাদন।

(১০) জেলাসদরে কোর ভবনাদি নির্মাণ সংক্রান্ত টাস্কফোর্স কমিটির ১৮২তম সভা অনুষ্ঠান।

(১১) সিআরভিএস সংক্রান্ত স্টিয়ারিং কমিটির সভা অনুষ্ঠান।

(১২) নতুন উপজেলা ও থানা স্থাপন সংক্রান্ত সচিব কমিটির সভা।

(১৩) 'Civil Registration and Vital Statistics in Bangladesh' শীর্ষক প্রকল্প প্রস্তাব প্রণয়ন।

(১৪) আন্তঃমন্ত্রণালয় আইনগত বিরোধ নিষ্পত্তি কমিটির সভা।

(১৫) সামাজিক নিরাপত্তা কর্মসূচি সংক্রান্ত 'কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটি'-এর সভা অনুষ্ঠান।

(মুহাম্মাদ আসাদুল হক)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৫৭৪৪৯
e-mail: report_sec@cabinet.gov.bd